

APPA not count

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্লাট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় পরিদর্শন প্রতিবেদনঃ

আমি নিম্নস্বাক্ষরকারী গত ২৯/১২/২০১৯ খ্রি: তারিখ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়, পরিদর্শন করি। পরিদর্শনকালে উপপরিচালক জনাব রুখশানা মমতাজসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ অফিসে সংরক্ষিত/ব্যবহার্য বিভিন্ন রেজিস্টার দেখা গেল। ক্যাশ বহিসহ অন্যান্য রেজিস্টারের সংরক্ষণ মান ভালো। রেজিস্টারসমূহ হালনাগাদ আছে। রেজিস্টারসমূহ পর্যালোচনা করে নিম্নোক্ত তথ্য পাওয়া গেলঃ

০১। জনবল সংক্রান্ত তথ্যঃ

উপপরিচালক, মহিলা বিয়ক অধিদপ্তর পঞ্চগড় কার্যালয়ের রাজস্ব খাতে কর্মরত জনবল কর্মকর্তা ০১ জন এবং কর্মচারী ০৩ জন। পদগুলো হলো: উপপরিচালক ১ জন, হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার ১ জন, অফিস সহকারী ১ জন, অফিস সহায়ক ১ জন। এছাড়া ট্রেড প্রশিক্ষক ২ জন, জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির ৫ জন এবং আউটসোর্সিং এ একজন কর্মচারী নিয়োজিত আছেন। হাজিরা খাতা পর্যবেক্ষণ করে দেখা হলো। সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত অফিস করছেন মর্মে প্রতীয়মান হয়।

* সুপারিশ: কার্যালয়ের জনবলকে কাজে লাগিয়ে সেবা প্রদান অব্যাহত রাখতে হবে।

০২। অফিস ভবন সংক্রান্তঃ

উপপরিচালক, মহিলা বিয়ক অধিদপ্তর পঞ্চগড় এর নিজস্ব অফিস ভবন নাই। বর্তমানে শহরের বানিয়াপাড়ায় ৩ তলা বিশিষ্ট একটি ভাড়া বাড়িতে উপপরিচালক, মহিলা বিয়ক অধিদপ্তর পঞ্চগড় এর কার্যালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই ভবনে দাপ্তরিক কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। এছাড়া প্রশিক্ষণের জন্য ব্যবহৃত কক্ষগুলো প্রয়োজনের তুলনায় ছোট বলে মনে হয়। এছাড়া প্রশিক্ষণের জন্য আরো বেশী কক্ষ প্রয়োজন বলে মনে হয়।

সুপারিশ : সুপারিসর প্রশিক্ষণ কক্ষসহ আধুনিক ভবন ভাড়া নেয়ার জন্য উপপরিচালক, মহিলা বিয়ক অধিদপ্তর পঞ্চগড়কে পরামর্শ দেওয়া হল।

০৩। ভিজিডি কর্মসূচি:

২০১৯-২০২০ ভিজিডি চক্রে পঞ্চগড় জেলায় অনুমোদিত কার্ড সংখ্যা ১৫৮৮৯ টি। ২০১৯-২০২০ ভিজিডি চক্রের ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ থেকে ডিসেম্বর/১৯ পর্যন্ত ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে।

চূল্পি

মতবিনিময় কালে সুষ্ঠুভাবে চাল বিতরণ কার্যক্রম চলছে মর্মে জানা গেল। বিতরণকৃত চালের বস্তার ওজন ৩০ কেজি।

সুপারিশ : ডিজিটি কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যহত রাখার জন্য উপপরিচালক, মবিত কে, জেলা ও উপজেলা প্রশাসনের সাথে নিবিড়ভাবে কাজ করার জন্য পরামর্শ দেওয়া হ'ল।

০৮। ‘উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ’ (আইজিএ) প্রকল্পঃ

প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে ০২টি ট্রেডে (মোবাইল সার্ভিসিং এবং কম্পিউটার রিপিয়ারিং) ৩০ জন করে ০৩ মাস মেয়াদে মোট ৬০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হ'ল। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি সন্তোষজনক।

সুপারিশ : প্রশিক্ষণ কার্যক্রমের মনিটরিং এবং প্রশিক্ষণের মান আরও উন্নীত করার জন্য উপপরিচালক, মবিত কে, অনুরোধ করা হলো।

০৫। জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচিৎঃ

জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় পঞ্চগড় সদর উপজেলায় ০৫ টি ট্রেডে প্রশিক্ষণ চলমান আছে। প্রতি ট্রেডে ২০ জন করে মোট ১০০ জন মহিলা বর্তমানে প্রশিক্ষণ গ্রহণ করছে। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি সন্তোষজনক। তবে প্রশিক্ষণ কক্ষ ও প্রশিক্ষণ সামগ্রী অপ্রতুল বলে মনে হলো।

সুপারিশঃ পর্যাপ্ত প্রশিক্ষণ সামগ্রী সরবরাহের জন্য জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির প্রকল্প পরিচালককে অনুরোধ করা হলো।

০৬। তথ্য আপাই ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ণ প্রকল্পঃ

পঞ্চগড় সদর উপজেলায় ১ জন তথ্য সেবা কর্মকর্তা, ২ জন সহকারী তথ্য সেবা কর্মকর্তা এবং আউটসোর্সিং এ নিয়োজিত ১ জন অফিস সহায়ক কর্মরত আছেন। হাজিরা খাতা পর্যবেক্ষণ করে দেখা হলো। সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত অফিস করছেন মর্মে প্রতীয়মান হয়। প্রতি মাসে ১২ দিন কর্মকর্তাবৃন্দ মাঠ পর্যায়ে যান। তাদের দুই সেট ড্রেস, সাইকেল, ডেঙ্কটপ ও এন্ড্রয়েড ফোন দেয়া হয়েছে। অফিসের নামে একটি ব্যাংক হিসাব আছে যা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও তথ্য সেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হয় মর্মে জানা গেল। ক্যাশ বই আপডেট পাওয়া গেল।

সুপারিশঃ প্রকল্পের কর্মকর্তাদের নতুন অফিসিয়াল পোষাক দুটি সরবরাহের জন্য প্রকল্প পরিচালক, ‘তথ্য আপা’ কে অনুরোধ করা হলো। প্রকল্পের কর্মকর্তাদের জাতীয় মহিলা সংস্থার জেলা কর্মকর্তার সাথে নিয়মিত যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করা হলো।

০৭। সার্বিক মন্তব্য :

উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, আইজিএ প্রকল্প এবং তথ্য আপা প্রকল্প পঞ্চগড় এর প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনক।

মুস.

সংযুক্ত : পরিদর্শনের ছবি ০১(এক) ফর্দ।

(মোশাররফ হোসেন)
লাইব্রেরীয়ান

৩০ পৌষ, ১৪২৬

নং- ৩২.০০.০০০০.০৯২.২৫.০০১.১২-০৯

তারিখঃ ১৪ জানুয়ারি, ২০২০


অনুলিপি (সদয় জাতার্থে ও কার্যার্থে) :

- ১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন / উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, তথ্য আপাৎ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ৫। যুগ্মপ্রধান(প্লাউ)/যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপসচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রাণ্যামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়।
- ৯। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, পঞ্চগড়।

মুস.

(মোশাররফ হোসেন)
লাইব্রেরীয়ান

উপপরিচালকের কার্যালয়, পঞ্চগড় পরিদর্শনের কয়েকটি ছবি।




উপপরিচালক, মিবিঅ এর কার্যালয়ে প্রশিক্ষণ কার্যক্রম
পরিদর্শনে সাথে আছেন উপপরিচালক, মিবিঅ এবং তথ্য
সেবা কর্মকর্তা

আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের মাঝে



আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন



জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ
কর্মসূচির